# CBSE Class 10 Bengali Answer Key 2022 (May 12)

## MARKING SCHEME

SECONDARY SCHOOL EXAMINATION : 2022

SUBJECT: BENGALI(005) CLASS-X

SERIES : AQ@QA QP CODE NO. -07 SET-4

MAXIMUM MARKS-40

### উত্তরপত্র মূল্যায়ন -সংক্রান্ত বিশেষ নির্দেশাবলি

____________(General Instructions regarding evaluation of Answer-sheets)___________

১. উপস্থিত মূল্যায়ন-প্রকল্পে (Marking Scheme-এ) উত্তরসমূহের মানবিন্দুগুলিই (Value-point)প্রস্তাবিত হয়েছে মাত্র।

২. এই value-point-গুলিকে পূর্ণাঙ্গ উত্তর হিসেবে নয়—প্রত্যাশিত উত্তরের দিকদিশারি (Guide lines) হিসেবেই গণ্য করা যায়।

৩. পরীক্ষার্থী নিজের ভাষায় অর্থাৎ নিজের মতো করে উত্তর দিতে পারে এবং সেই উত্তর নিতান্ত ভুল না হলে তাতে যথোচিত নম্বর দিতে হবে।

৪. মহামান্য সর্বোচ্চ আদালতের (Supreme Court)-এর আদেশ অনুসারে সংশ্লিষ্ট পরীক্ষার্থীরা এখন নির্দিষ্ট অর্থমূল্য (fee) দিয়ে আবেদন করলে তাদের উত্তরপত্রের প্রতিলিপি (Photocopy) পাঠাতে হবে। এই কারণে সমস্ত প্রধান পরীক্ষক/পরাক্ষককে পুনরায় অবগত করানো হচ্ছে যে তারা যেন উত্তরপত্রের প্রতিটি উত্তর অব্যতিক্রমীরূপে Marking Scheme প্রস্তাবিত value point অনুযায়ী মূল্যায়ন করা হয়েছে, সে ব্যাপারে অবশ্য সুনিশ্চিত থাকেন।

৫. সমস্ত প্রধান পরীক্ষক/পরীক্ষককে এ-ও জানানো হচ্ছে যে, কোনো উত্তর সম্পূর্ণ ভুল হলে মূল্যায়নের সময় সেই ভুল উত্তরের উপর (X) চিহ্ন অঙ্কিত করতে হবে এবং সেই উত্তরের জন্য যথাস্থানে ‘0’ (Zero) নম্বর চিহ্নিত করতে হবে।



collegedunia.com India's largest Student Review Platform

**MARKING SCHEME**

SECONDARY SCHOOL EXAMINATION : 2022

SUBJECT: BENGALI(005)    CLASS-X

SERIES : AQ@QA    QP CODE NO. -07    SET-4

MAXIMUM MARKS-40

| প্রশ্নপত্রের চারটি অংশ 'A', 'B', 'C', 'D' যথাক্রমে 05, 10, 10 এবং 15 নম্বরের। |
|---|

| Q.No | EXPECTED ANSWERS/VALUE POINTS | Distribution Of Marks |
|---|---|---|
| | SECTION-A (Reading Comprehension) | |
| Q.No1. | অনুচ্ছেদ পড়ে প্রশ্নোত্তর। দুটি প্রশ্ন | 5<br>(2+3) |
| | (a) পঞ্চম পিরিয়ডের শুরুতে যেদিন বসাক স্যারের ক্লাস থাকত না—1 নম্বর<br>সপ্তাহে কোন তিন দিন বসাক স্যারের ক্লাস, স্যারের সেটা মনে থাকত না বলেই ছাত্রদের একথা বলার দরকার হত- 1 নম্বর। (1+1=2 marks)<br>অথবা(OR)<br>বসাক স্যারকে, সপ্তাহে তিন দিন। ষষ্ঠ শ্রেণির, পঞ্চম পিরিয়ডে এসে ফিরে যেতে হত।– 1 নম্বর। নিজের ক্লাসের দিন মনে রাখতে পারতেন না বলে।– 1 নম্বর। | |

| | | |
|---|---|---|
| | (1+1) 2 marks<br>(b) বেঠিক দিনে বসাক স্যার ক্লাসে এলে ছাত্ররা স্যারকে মনে না করিয়ে দিয়ে তাঁকে ক্লাস শুরু করতে দিল, তারপর বোস স্যারের প্রবেশে বসাক স্যার অপ্রস্তুত হলেন।– 3 নম্বর | |
| Q.No.2 | SECTION-B (WRITING) | |
| | পত্র লিখন: বন্ধু-বান্ধবীকে/ ভাই-বোনকে।<br>• চিঠির অবয়ব সংস্থানের জন্য 2 নম্বর এবং বিষয়বস্তুর জন্য 3 নম্বর।<br>• অবয়বসংস্থান অর্থাৎ তারিখ, প্রেরকের ঠিকানা বা স্থান-নাম, সম্বোধন ও সমাপ্তিসূচক পদ থাকবে। প্রতিটির জন্য 0.5 করে মোট 2 নম্বর দেওয়া হবে।<br>• পত্রের শেষে স্বতন্ত্রভাবে প্রাপকের নাম-ঠিকানা দেওয়া থাকে তাহলে পুরো 1 নম্বরই দিতে হবে।(2+1) | 5<br>(2+3) |
| | • বিষয়বস্তু ঠিক থাকলে 2 নম্বর দিতে হবে।<br>• প্রাপকের নাম, ঠিকানা ইংরেজিতে লিখলে তা অনুচিত গণ্য হবে না। | |
| 3. | নির্ধারিত বিষয় অবলম্বনে অনুচ্ছেদ-রচনা।(যে-কোনো একটি)<br>• করোনা পরিস্থিতিতে ছাত্রছাত্রীদের বিশেষ সমস্যা<br>• পরিবেশ-দূষণে প্লাস্টিক: আমাদের কর্তব্য<br>• আমাদের জীবনের সবচেয়ে আনন্দের ঘটনা।<br>• অনুচ্ছেদ(paragraph)হবে মূল বিষয়-নিবদ্ধ, একমুখী, স্পষ্ট, অনতিবিস্তারিত।যদিও কোনো শব্দসীমার উল্লেখ নেই, তবু তা 100 থেকে 150 শব্দের মধ্যে সীমিত থাকা বাঞ্ছনীয়।<br>এই সব গুণ এবং ভাষা-দক্ষতা ইত্যাদি অনুযায়ী 3 থেকে পুরো 5 নম্বর পর্যন্ত দেওয়া যেতে পারে। | 5 |



collegedunia.com
India's largest Student Review Platform

| | | |
|---|---|---|
| | SECTION-C(GRAMMAR) | |
| 4. | (a)<br>• সন্ধির সংজ্ঞা- (ধ্বনি বা বর্ণের মিলন) -1 নম্বর<br>• বিসর্গ সন্ধির সংজ্ঞা- 1 নম্বর<br>• বিসর্গ সন্ধির একটি উদাহরণ। যেমন- নিঃ+অলস=নিরলস-1 নম্বর<br>(মোট 1+1+1=3)<br><br>অথবা(OR)<br>যে-কোনো একটি নিয়ম—<br>যেমন—পূর্বপদের শেষে (ঃ) থাকলে এবং বিসর্গের পরে চ বা ছ থাকলে বিসর্গ-স্থানে শ-হয় (শ্চ/শ্ছ)।<br>উদাহরণ—নিঃ+চয়=নিশ্চয়<br>(যে-কোনো নিয়ম বা সূত্রের জন্য 2 নম্বর, উদাহরণের জন্য 1 নম্বর = 3 নম্বর)<br>(b) প্রশ্নপত্র অনুযায়ী দুটি সঠিক দৃষ্টান্তের জন্য(যেমন-বয়ঃ+সন্ধি/ নিঃশব্দ ইত্যাদি) – (1+1=2)<br>অথবা(OR)<br>সন্ধিবদ্ধ করো—<br>উত্তর- আশীর্বাদ-1 নম্বর<br>সন্ধিবিচ্ছেদ করো-<br>উত্তর- মনঃ+জ-1 নম্বর। | 5<br>(3+2) |
| 5. | (a) যৌগিক বাক্যের সংজ্ঞা- 1 নম্বর<br>উদাহরণ-1 নম্বর<br>উদাহরণটি বোঝানোয়- 1 নম্বর<br>(1+1+1=3)<br><br>অথবা(OR) | 5<br>(3+2) |

*These answers are meant to be used by evaluators.

collegedunia
India's largest Student Review Platform

| | | |
|---|---|---|
| | জটিল বাক্যটিঃ- "বর্তমানের দাবিটা.... অবসর পর্যন্ত মেলে না।"—চিহ্নিত করতে পারলে-1 নম্বর।<br>কেন জটিল বাক্যঃ- কারণ দিয়ে বোঝাতে পারলে 2 নম্বর।<br><br>(b)"তা ঘটেছে, সত্যিই ঘটেছে"—সরল বাক্য<br>তা সত্যিই ঘটেছে।– 1 নম্বর।<br>জটিল বাক্য- যা ঘটেছে তা সত্যিই ঘটেছে।– 1 নম্বর।<br>(1+1=2)<br><br>অথবা(OR)<br>"যদিও বিরক্ত হলাম, তবু মুখ ফুটে প্রকাশ করতে পারলাম না।"—<br>সরল বাক্য- বিরক্ত হলেও মুখ ফুটে প্রকাশ করতে পারলাম না।– 1 নম্বর।<br>যৌগিক বাক্য- বিরক্ত হলাম, কিন্তু মুখ ফুটে প্রকাশ করতে পারলাম না।–1 নম্বর।<br>(1+1=2) | |
| | SECTION-D (Literature & SUPPLEMENTARY READER) | |
| 6. | পাঠ্য গদ্য থেকে উদ্ধৃত পংক্তি তুলে অথবা-যুক্ত প্রশ্ন।<br>"গল্প শুনে খুব গম্ভীর হয়ে গেলেন হরিদা--"<br>a) সুবোধ ঘোষের 'বহুরূপী'-গল্পের প্রধান চরিত্র। একজন বহুরূপী।সন্ন্যাসীর গল্প শুনে।(1+1=2)<br>b) হরিদার গম্ভীর হয়ে যাওয়ার কারণগুলি – | 5<br>(2+3) |

*These answers are meant to be used by evaluators.

collegedunia
India's largest Student Review Platform

| | | |
|---|---|---|
| | অভিনয়ের সাহায্যে বোকা বানানো একজন প্রতারকের কাজ।সন্ন্যাসী হবে সর্বত্যাগী। অভিনয় হরিদার জীবনের পবিত্র ব্রত।একজন সৎ শিল্পী হিসাবে সেই অপমান ও প্রতারণার যোগ্য প্রতিবাদের কথা ভাবতে গিয়েই সন্ন্যাসীর গল্প শুনে গম্ভীর হয়ে গিয়েছিলেন হরিদা।– উত্তরে এই বিষয়টি বোঝাতে পারলেই পুরো 3 নম্বর।<br>অথবা (OR)<br>"শত হোক একজন বিরাগী ... বল?"<br>(a)<br>• হরিদা বক্তাদের (লেখক ও তার দুই বন্ধু ভবতোষ ও অনাদিকে)।(0.5+0.5) =1<br>• জগদীশবাবুর দেওয়া প্রণামী তুচ্ছ করে চলে আসায় বক্তারা অত্যন্ত আশ্চর্য হয়ে গিয়েছিলেন। জগদীশবাবুর বাড়ি থেকে ফিরে হরিদার এই কথা। (1) | |
| | (b)<br>অভিনয় হরিদার জীবনের পবিত্র ব্রত। তাই সৎ শিল্পী হিসেবে বৈরাগীর অভিনয় করে তিনি কাউকে প্রতারণা করতে চান না। শিল্পকে কেনা যায় না—এটাই হরিদার এই উক্তির মূল অর্থ। -3 নম্বর। | |
| 7. | পাঠ্য কবিতা থেকে সপ্রসঙ্গ ব্যাখ্যা।(একটি)।<br>(a) 'তোমার পানি আর ...একাকারে ভরে নিই।'<br>উত্তরসংকেত :<br>সূত্রঃ একাকারে। সুভাষ মুখোপাধ্যায়।<br>প্রসঙ্গঃ জাতি-ধর্ম নির্বিশেষে পৃথিবীর সকল মানুষের একতার প্রসঙ্গে। | 5 |



collegedunia.com India's largest Student Review Platform

| | | |
|---|---|---|
| | ব্যাখ্যাঃ হিন্দু-মুসলমান দুই ভিন্ন ধর্মকে অঞ্জলিবদ্ধ দুই হাতের মতো ঐক্যবদ্ধ হয়ে জীবনের পানপাত্রখানি ভরে নেওয়ার আহ্বান।<br>অথবা (OR)<br>(b)<br>'আমাদের শিশুদের শব...কাছে দূরে।'<br>উত্তরসংকেতঃ<br>সূত্রঃ আয় আরো বেঁধে বেঁধে থাকি। শঙ্খ ঘোষ।<br>প্রসঙ্গঃ সাধারণ মানুষের পদে পদে বিপদের সম্ভাবনা। যুদ্ধ-বিধ্বস্ত পৃথিবীতে, দিশাহীন রাজনীতির চাপে জর্জরিত সমাজের অগণিত মানুষের জীবন নিরাপদ নয়। মৃত্যুর ভয়াবহতা তাদের জীবনকে করেছে অন্ধকারাচ্ছন্ন। | |
| 8. | সহায়ক পাঠ (রাজকাহিনী) থেকে পংক্তি তুলে প্রশ্ন।<br>(অথবা-যুক্ত)<br>"পুষ্পবতী সেই পথের ... শিলাদিত্য আর নেই।"<br>(a) বল্লভীপুরে যাবার জন্য।চন্দ্রাবতী থেকে বল্লভীপুর যেতে মালিয়া পাহাড়ের নীচে বীরনগর পর্যন্ত পাকা রাস্তার শেষে।(1+1) =2<br>(b) পতিপ্রেম/সন্তানের প্রতি দায়িত্ববোধ/চারিত্রিক দৃঢ়তা—এই বৈশিষ্ট্যগুলির উল্লেখ যে-কোনো ভাবে করতে পারলেই পুরো 3 নম্বর দেওয়া যাবে।<br>অথবা (OR)<br>"বিধর্মী শত্রুর বিষাক্ত ... বাহির হয়ে গেল।"<br>(a) শিলাদিত্যের প্রাণ।বল্লভীপুরের যুদ্ধক্ষেত্রে ঘটল। (0.5+0.5) = 1<br>শ্রোতা পুষ্পবতী শোকে পাথর হলেন, ভিতরটা পুড়তে লাগল।– ইত্যাদি লিখলেই 1 নম্বর।<br>(b) নবজাতককে নিয়ে শিলাদিত্য ও পুষ্পবতীর আনন্দে জীবন কাটানোর পরিকল্পনা ও স্বপ্নের কথা লিখলেই পুরো 3 নম্বর দেওয়া যাবে। | 5<br>(2+3) |



collegedunia
India's largest Student Review Platform

*These answers are meant to be used by evaluators.